হইলে তাহারা ভীত হইল এবং ভাবিল ইহা সে
তঙ্কার কারণ যাহা লইয়া গেলাম প্রথমে
সে আমারদের জিদ্ধ চেষ্টা করিতেছ পরে
আমারদের ওপর দায়া পাইয়া গোলাম করাইবে
আমারদিগেকে ও আমারদের গাধারদিগেকে।
১৯ তখন তাহারা যুসফের বাটীর কর্ম্ম কর্ত্তার নিকট
আসিয়া কথা কহিল তাহার সহিত দ্বারে থাকিয়া
২০ তাহারা বলিল মহাশয় আমরা নিতান্ত আইলাম
২১ প্রথমে ভক্ষ্য কিনিতে। এমত হইল যখন আমরা
আইলাম সরাইতে সেখানে থয়লা খুলিয়া
দেখিলাম অর্থ প্রতি জনের থয়লায় আমারদের
অর্থ পুরা ওজনে অতএব আমরা তাহা আনিয়াছি
২২ আরবার সাতে করিয়া এবং আর২ তঙ্কা আনিয়াছি
ভক্ষ্য কিনিতে আমরা বলিতে পারি না কে
থুইল আমারদের অর্থ আমারদের থয়লায়।
২৩ সে বলিল তাহারদিগেকে তোমরা শান্ত হও ভয়
করিও না তোমারদের ও তোমারদের পিতার
ঈশ্বর দিয়াছেন ধন তোমারদের থয়লায় আমি
পাইলাম তোমারদের তঙ্কা। তখন সে বাহির করিয়া

২৪ আনিল শিমিয়োনকে তাহাদের কাছে। সে মানুষ
ও তাহাদিগকে যুসফের ঘরে আনিয়া জল দিল
পদ প্রক্ষালন করিতে সে ও দিল তাহার গাধার
২৫ দিগকে দানা। তখন তাহারা নজর প্রস্তুত
করিল দুই প্রহরের তরে যুসফের আইসনের
সময় একারণ তাহারা শুনিল যে তাহারা ভোজন
করিবে সেখানে।

২৬ যুসফ বাটী আইলে তাহারা আনিল সে নজর
তাহার কাছে যাহা আনিয়া ছিল সাতে করিয়া
২৭ পরে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল তাহাকে। তখন
সে কুশল জিজ্ঞাসা করিল বলিয়া তোমারদের
পিতা কেমন ভাল আছেন সে বৃদ্ধ মনুষ্য যাহার
কথা তোমরা বলিয়াছিলা তিনি এখন জীবত
২৮ আছেন। তখন তাহারা প্রত্যুত্তর করিয়া বলিল
তোমার দাস আমারদের পিতা ভাল আছেন
তিনি এখন জীবত আছেন এবং তাহারা মস্তক
২৯ নোয়াইয়া ভগবত করিল। পরে সে দৃষ্টি করিয়া
দেখিল তাহার সহোদর বেনিয়মকে ও বলিল এই
তোমারদের কনিষ্ঠ ভ্রাতা যাহার বিষয় বলিলা
আমাকে তখন বলিল ঈশ্বর অনুগ্রহ করুন
৩০ তোমাকে আমার জায়াল তৎকালে যুসফ ব্যস্ত
হইল তাহার ভ্রাতার উপর অতএব স্থান চেষ্টা করিল
যাইয়া রোদন করিতে পরে চান্দনির মধ্যে প্রবেশ
৩১ করিয়া রোদন করিল সেখানে তৎপরে মুখ ধুইয়া
বাহির হইল এবং শান্ত হইল পরে বলিল ভক্ষা

৩২ রসই করহ। অতএব তাহারা স্বতন্ত্র রসই করিল তাহারদের কারণ ও মিজরীরদের কারণ যাহারা খায় তাহারদের সাতে। মিজরীরা ভোজন করে না ঔব্রিরদের সহিত তাহা মিজরীর
৩৩ দের অনাচার। ও তাহারা বসিল তাহার সন্মুখে জ্যেষ্ঠ তাহার জ্যেষ্ঠত্বানুযায়ি ও কনিষ্ঠ কনিষ্ঠত্বানুযায়ি তাহাতে সে মনুষ্যেরদের পরস্পর আশ্চর্য্য বোধ
৩৪ হইল। সে ও অংশ করিয়া পাঠাইয়া দিল তাহারদের কাছে তাহার সন্মুখ হইতে কিন্তু বেনিয়মের অংশ পাঁচগুন অধিক তাহারদিগ হইতে এবং তাহারা ভোজন পান করিয়া হৃষ্ট হইল তাহার সহিত।

পর্ব্ব ৪৪ পরে আজ্ঞা করিল বাটীর কর্ম্ম কর্ত্তাকে কহিয়া এ লোকেরদের চালা শস্য ভরাও যত বহিতে পারে ও প্রতি জনের তঙ্কা দেহ চালার মুখে আমার পেয়ালা ও সে কণার পেয়ালা দেহ কনিষ্ঠের চালার
৩ মুখে। যুসফের বাক্যানুযায়ি সে তাহা করিল অতএব প্রাতে তাহারা ও তাহারদের গাধারদিগকে
৪ বিদায় পাইল। তাহারা সহরের বাহিরে গেলে কিন্তু অতি দুর নহে যুসফ বলিল তাহার কর্ম্ম কর্ত্তাকে ওঠিয়া যাও তাহারদের পাছে২ ও তাহারদের নিকট ওত্তরিয়া বল সুকর্ম্মের বদলে কুকর্ম্ম করিলা
৫ কেন। এ তাহা নহে যাহাতে আমার মনিব পান করেন সেই ও নিতান্ত যাহাতে গুনিয়া দেন। কুক্রিয়া করিলা তোমরা।

৬ পরে সে তাঁহারদের নিকটে যাইয়া কহিল
৭ সে কথা। তখন তাঁহারা বলিল তাঁহাকে
মহাশয় কেন বলিতেছেন এ প্রকার কথা এ কর্ম্ম
৮ করুন তোমার চাকরের হারাম দেখ যে টাকা
পাইলাম থয়লার মুখে তাহা পুনর্ব্বার আনিয়াছি
তোমার কাঁই কনাঁয়ন দেশ হইতে তবে কি মতে চুরি
করিতে পারি তোমার মনিবের ঘর হইতে রূপা কি
৯ সোনা। তোমার চাকরেরদের যাহার ঠাঁই তাহা
পাওয়া যায় মারিয়া ফেলাও তাহাকে আমরা ও হইব
১০ আমার প্রভুর গোলাম। সে বলিল এখন তোমার
দের কথানুযায়ি হউক যাহার কাছে তাহা পাওয়া যায়
সে হউক আমার দাস কিন্তু তোমরা নির্দ্দোষী।
১১ তখন তাঁহারা তাঁহারদের থয়লা শীঘ্র মৃত্তিকাতে
১২ নামাইয়া খুলিল তারপর সে তল্লাস করিতে
আরম্ভ করিল জ্যেষ্ঠ হইতে কনিষ্ঠ পর্য্যন্ত এবং
১৩ পেয়ালা পাওয়া গেল বেনিমনের থয়লায়। তখন
তাঁহারা পরিচ্ছদ চিরিয়া ফেলিল এবং প্রতি জনের
গাধা লাদাইল ও ফিরিয়া গেল নগরে।

১৪ যিহোদা ও তাঁহার ভ্রাতারা আইল যুসফের বাটীতে
একারণ সে তৎকালে ছিল সেখানে ও তাঁহারা
১৫ সকলেই পড়িল তাঁহার সম্মুখে মৃত্তিকাতে। তখন
যুসফ বলিল তাঁহারদিগকে কি ক্রিয়া করিলা তুমি না
১৬ যে আমার মত মানুষ গণি করিতে পারে। তাহাতে
যিহোদা বলিল আমরা কি বলিব তোমাকে আমার
দের মহাশয় কি কহিব আপনারদিগকে নির্দ্দোষী

জানাইব কেমনে ঈশ্বর জানাইয়াছেন তোমার
চাকরেরদের কুক্রিয়া দেখ আমরা মহাশয়ের গোলাম
আমরা ও সে যাহার কাছে পায়া গেল পেয়ালা।
১৭ সে বলিল ইহা করিতে আমার বাসনা নহে
যাহার কাছে পেয়ালা পায়া গেল সে হইবেক আমার
গোলাম কিন্তু তোমরা কুশলে যাও তোমারদের
পিতার ঠাঁই।

১৮ তখন য়িহোদা তাহার নিকট আসিয়া বলিল
আমার মহাশয় তোমার দাসকে এ কথা কহিতে
দেহ তোমার কর্ণে ও তোমার ক্রোধ প্রজ্বলিত যেন হয়
না তোমার দাসেরদিগের উপর তুমি ফারোওার
১৯ তুল্য। আমার প্রভু জিজ্ঞাসা করিলেন তোমার
দাসেরদিগকে তোমারদের পিতা আছে কি ভ্রাতা।
২০ তখন আমরা বলিলাম আমারদের প্রভুর ঠাঁই
আমারদের পিতা আছেন বৃদ্ধ মানুষ ও তাহার
বৃদ্ধাবস্থার পুত্র যে কনিষ্ঠ তাহার ভ্রাতা ও মরিয়াছে
এবং সে কেবল একা আছে তাহার মাতার ও
২১ তাহার পিতা প্রেম করেন তাহাকে। তখন আপনি
বলিলেন তোমার দাসেরদিগকে আনিহ তাহাকে
২২ আমার কাছে আমি দেখিব তাহাকে। আমরা
বলিলাম আমারদের মহাশয়ের কাছে বালক
পিতাকে ছাড়িয়া আসিতে পারে না যদি সে পিতাকে
২৩ ছাড়িয়া আইসে তবে পিতা মরিবেন। পরে তুমি
বলিলা তোমার দাসেরদিগকে তোমারদের কনিষ্ঠ
ভ্রাতা তোমারদের সাঙ্গে আইসন ব্যতিরেক তোমরা

২৪ আর আমার মুখ দেখিবা না। এতদর্থে এই মত
হইল আমরা তোমার দাসেরদের পিতার কাছে
২৫ বলিলাম আমারদের মহাশয়ের কথা। তৎপরে
আমারদের পিতা বলিলেন যাও আরবার আমার
২৬ দের জন্য কিছু ভক্ষ্য ক্রয় করিয়া আনহ। তখন
আমরা বলিলাম আমরা যাইতে পারি না কিন্তু
যদি আমারদের কনিষ্ঠ ভ্রাতা আমারদের সাতে
হয় তবে যাইব আমরা দেখিতে পাইব না সে
মনুষ্যের মুখ আমারদের কনিষ্ঠ ভ্রাতা সাতে না
২৭ হইয়া। ও তোমার দাস আমারদের পিতা
বলিলেন আমারদিগকে তোমরা জানহ আমার
২৮ স্ত্রীর হইল দুই পুত্র তাহার এক জন প্রস্থান করিল
আমা হইতে পরে আমি বলিলাম নিতান্ত তাহাকে
কোন বন পশু ছিড়িয়া ফেলিয়াছে ও দেখিলাম না
২৯ তাহাকে তদবধি এখন ইহাকে আমা হইতে লইয়া
গেলে যদি কোন আপদ পড়ে তবে তোমরা কবরে
৩০ আনিবা আমার পক্ক চুল শোকেতে। অতএব
যখন আমরা যাই তোমার দাস আমারদের পিতার
ঠাই ও বালক আমারদের সাতে নহে দেখ তাহার
৩১ প্রাণ বান্ধা আছে বালকের প্রানের সহিত ইহাতে
এই মত হইবেক যখন দেখিবেন বালক নাই
আমারদের সাতে তখন মরিবেন ও তোমার দাসেরা
নামাইবে কবরে তোমার দাসেরদের পিতার
পক্ক চুল শোকেতে তোমার দাস হইয়াছে
৩২ বালকের জামিন তোমার দাসেরদের পিতার কাছে

বলিয়া যদি আমি না আনি তাহাকে তোমার স্থানে
তবে সে অপরাধী থাকিবে আমার ওপর সর্ব্ব
৩৩ কাল। অতএব এখন আমি মাইনা করি তোমাকে
তোমার দাশকে রহিতে দেহ বালকের বদলে
মহাশয়ের গোলাম কিন্তু বালককে যাইতে দেহ তাহার
৩৪ ভ্রাতারদের সাতে কি মতে যাইব আমার পিতার
ওখানে যদি বালক নহে আমার সাতে পাচে আমি
দেখিব সে আপদ যাহা পড়িবেক আমার পিতার
ওপরে।

পর্ব্ব ৪৫ তখন যুসফ ধৈর্য্য করিতে পারিল না সে সকলের
সন্মুখে যাহারা ডাণ্ডাইল তাহার কাছে অতএব
বলিল প্রতি মনুষ্য বাহির হওক আমার এখান
হইতে তাহাতে সেখানে কোন কেহ রহিল না
তাহার সহিত যাবৎ যুসফ আপনাকে জানাইল
২ তাহার ভ্রাতারদের ঠাঁই। তখন সে ক্রন্দন করিল
উচ্চরবে তাহাতে মিজরীয়া ও ফারোউর বাটীর
৩ লোকেরা শুনিল। পরে যুসফ বলিল তাহার
ভ্রাতারদিগকে আমি যুসফ আমার পিতা এখন পর্য্যন্ত
জীবত আছেন। তখন তাহার ভ্রাতারা প্রত্যুত্তর
করিতে পারিল না তাহাকে একারণ তাহারা লজ্জিত
৪ হইল তাহার সন্মুখে। পরে যুসফ বলিল তাহার
ভ্রাতারদিগকে আমি মাইনা করি তোমারদিগকে
আমার নিকটে আইসহ তখন তাহারা তাহার
নিকট আইল। পরে সে বলিল তাহারদিগকে আমি
যুসফ তোমারদের ভাই যাহাকে তোমরা বিক্রয়

৫ করিলা মিসরে অতএব এখন দুঃখিত ও ক্ষুণ্ন হইও
না আমাকে বিক্রয় করণার্থে এ জন্য ঈশ্বর
পাঠাইলেন আমাকে তোমারদের পূর্ব্বে প্রাণ রক্ষা
৬ করনের জন্য। এখন দুই বৎসর হইয়াছে
মন্বন্তর এ দেশে কিন্তু আর পাঁচ বৎসর হবেক
৭ যাহাতে হবে না কৃষি কুত্রাপি কি ফসল। ঈশ্বর
পাঠাইলেন আমাকে তোমারদের পূর্ব্বে রক্ষা
করিতে তোমারদের বংশ পৃথিবীর মধ্যে ও মহা
৮ পরিত্রাণ করিতে তোমারদের প্রাণ। অতএব তোমরা
এ স্থানে পাঠাইলা না আমাকে কিন্তু ঈশ্বর যিনি ও
করিয়াছেন আমাকে এ স্থানে ফারোওার পিতার ন্যায়
ও তাঁহার বাটীর সমস্ত কর্ত্তা ও মিসর সমস্ত
৯ দেশের অধ্যক্ষ। শীঘ্র করিয়া যাও আমার পিতার
ঠাঁই ও বল তাঁহাকে তোমার পুত্র যুসফ এ কথা কহে
ঈশ্বর করিয়াছেন আমাকে মিসর সমস্ত দেশের
কর্ত্তা আইসহ আমার কাছে গৌন করিও না।
১০ ও তোমরা বসতি করহ গশন দেশে তোমরা আমার
নিকটে রহিবা তোমরা ও তোমারদের পুত্র পুত্রী ও
১১ পশুগন সেখানে আমি প্রতিপালন করিব তোমার
দিগিকে একারন এখন আর পাঁচ বৎসর মন্বন্তর
হইবেক তাহা না করিলে পাছে তুমি ও তোমার
পরিজন ও যাহা২ তোমার আছে সমস্ত দীন ভাবা
১২ পর হইবেক। দেখ তোমারদের চক্ষু ও আমার
ভাই বেনিমনের চক্ষু দেখিতেছে যে আমার মুখ ইহা
১৩ কহিতেছে তোমারদিগিকে তোমরা ও বল আমার

পিতাকে আমার সৌভাগ্যের বিষয় মিসরে
ও যে সমস্ত তোমরা দেখিয়াছ অতএব তোমরা
শীঘ্র করিয়া আন যাইয়া আমার পিতাকে
৪৪ এ স্থানে। পরে সে তাহার ভ্রাতা বেনিমনের গলা
ধরিয়া রোদন করিল ও বেনিমন রোদন করিল
৪৫ তাহার গলা ধরিয়া। তাহার আর২ ভ্রাতারদিগকে
ও চুম্বন করিয়া ও রোদন করিল তাহারদের ওপর
তৎপরে তাহার ভ্রাতারা কথা কহিল তাহার সহিত।

৪৬ যুসফের ভ্রাতারদের আইসনের ধ্বনি শুনা গেল
ফারোওার বাটীতে ইহাতে ফারোওা ও তাহার
৪৭ চাকরেরদিগের বহুত হর্ষ হইল। পরে ফারোওা
কহিল যুসফকে বল তোমার ভ্রাতাকে ইহা কর
৪৮ তোমারদের পশুগিন লাদাইয়া যাও কনাঁয়ন দেশে
ও তোমার পিতা ও পরিজন লইয়া আইস আমার
কাছে পরে আমি দিব তোমারদিগকে মিসরের উত্তম
দেশ ও তোমরা ওপভোগ করিবা উত্তম২ ওপসত্ব
৪৯ সে দেশে। এখন আজ্ঞা কর তাহারদিগকে
বল ইহা কর তোমরা রথ লইয়া যাও মিসর হইতে
তোমারদের বালক ও স্ত্রী লোকেরদের কারন এবং
২০ তোমারদের পিতাকে লইয়া আইসহ আর কোন
বস্তুর আবশ্যক নাহি একারন মিসরের সমস্ত
২১ দেশের উত্তম সামগ্রী তোমারদের। অতএব
য়িশরালের পুত্রেরা করিল সে মত এবং ফারোওার

আজ্ঞানুযায়ি যুসফ রথ ও পথ খরচ দিল তাহার
২২ দিগকে সে প্রতি জনকে দিল একং যোড় পরিচ্ছদ
কিন্তু বেনিয়মনকে দিল তিন শত থান রূপা ও পাঁচ
২৩ যোড় পরিচ্ছদ। ও তাহার পিতার কাজে পাঠাইয়া
দিল এই প্রকারে দশ গাধা মিসরের উত্তম সামগ্রী
ও দশ গাধী শস্য ও রুটি ও মাংস বোজ
২৪ হইয়া তাহার পিতার পথ খরচের কারণ। তখন
বিদায় করিল তাহার ভ্রাতারদিগকে বলিয়া সাব
ধান বিরোধি করিও না পথে।

২৫ পরে তাহারা সে স্থান হইতে প্রস্থান করিয়া আইল
কনাঁয়ন দেশে তাহারদের পিতা যাঁকুবের কাজে
২৬ ও বলিল তাহাকে যুসফ জীবত আছে সে ও
মিসরের এজির তখন যাঁকুব নিরাসা হইল একারণ
২৭ তাহারদের কথা আস্থা করিল না। তাহারা
বলিল যুসফের সমস্ত কথা যাহাং বলিয়াছিল
তাহারদিগকে ও যখন সে দেখিতে পাইল রথ
যাহা যুসফ পাঠাইয়া ছিল লইয়া যাইতে তাহার
দিগকে তখন তাহারদের পিতা যাঁকুবের আত্মা
২৮ সতীব হইল। পরে য়িশরাল বলিল এই প্রচুর
আমার পুত্র যুসফ এখন পর্য্যন্ত জীবত আমি
যাইয়া দেখি তাহাকে মরনের পূর্ব্বে।

পর্ব্ব ৪৬ তারপর য়িশরাল তাহার সমস্ত সহিং প্রস্থান
১ করিয়া বার্শবাঁয় আইল ও বলিদান করিল তাহার
২ পিতা য়িজহকের ঈশ্বরের নামে। রাত্রিতে ঈশ্বর

প্রত্যাদেশে এ কথা কহিলেন ইস্রায়েলকে হে যাঁকুব
৩ যাঁকুব তাহাতে সে বলিল আমি এখানে। তিনি
বলিলেন আমি ঈশ্বর তোমার পিতার ঈশ্বর
ভয় করিও না মিসরে যাইতে আমি তোমাকে
৪ সেখানে করিব বৃহৎ বর্ণ আমি মিসরে যাইব
তোমার সাতে আমি ও নিতান্ত ফিরিয়া আনিব
তোমাকে পুনর্ব্বার এবং যুসফ হস্ত দিবে তোমার
৫ চক্ষে। তখন যাঁকুব উত্থান করিল বার্শবা হইতে
এবং ইস্রায়েলের পুত্রগন লইয়া চলিল তাহার
দের পিতা যাঁকুব ও তাহারদের বালক ও তাহারদের
স্ত্রীরদিগকে সে রথে যাহা ফারোও পাঠাইয়াছিল
৬ লইয়া যাইতে তাহারদিগকে। তাহারা লইল
তাহারদের পশুগন ও যে কিছু সামগ্রী তাহার
দের যনাঁয়ন দেশে পরে মিসরে আইল যাঁকুব ও
৭ তাহার সমস্ত সন্তান তাহার সহিত তাহার পুত্র
পৌত্রগনকে তাহার সাতে তাহার কন্যা পৌত্রী
গন ও তাহার সমস্ত সন্তানকে সাতে ও আনিল
মিসরে।

৮ এই ইস্রায়েলের সন্তানের নাম যাহারা আইল
মিসরে যাঁকুব ও তাহার পুত্রগন রাউবন যাঁকুবের
৯ প্রথম পুত্র। রাউবনের পুত্রগন ক্ষনোখ ও ফলুয়া ও
১০ ক্ষজরন ও যর্ম্মী। শিমওোনের পুত্র য়িমুএল ও য়িমন
১১ ও য়িমিন ও জক্ষর ও শাওল যনাঁয়নী নারীর পুত্র।
১২ লোইর পুত্র গর্শন কহাত ও মরারি। য়িহোদার পুত্র

ঊর ও আঙনন ও শলা ও পরচ ও জরক্ষ কিন্তু ঊর
ও আঙনন মরিল যনাঁয়ল দেশে। পরচের পুত্র
১৩ হচ্রন ও হামূল। য়িশশ্খরের পুত্র তোলা ও পোহা
১৪ য়োব ও শময়রন। জবুলনের পুত্রগণ সরদ ও আলন
১৫ ও য়িল্লীল এ সমস্ত লেয়ার সন্তান যাহা সে প্রসব
হইল যাঁকুব হইতে পদনারমে ও তাহার কন্যা দীনা।
তাহার পুত্র কন্যা সকল সমেত তেত্রিশ প্রাণী।
১৬ গদের পুত্র ছফিয়োন ও হগি ও শোনি ও আজ্বন
১৭ ঊরি ও আরদি ও আরলি। আশরের পুত্র য়িমনা
ও য়িশোহা ও য়িশোই ও বরিঈ ও শরহ তাহারদের
১৮ ভগিনী। বরিঈর পুত্র ও হবর ও মলখীএল।
এ সকল জল্পার সন্তান যাহাকে লবন দিল তাহার
লেয়া কন্যাকে সে প্রসব হইল এ সকল যাঁকুব
হইতে ষোল প্রাণী।
১৯ যাঁকুবের ভার্য্যা রাহেলের পুত্র য়ুসফ ও বেনিয়ন।
২০ মিসরে য়ুসফের পুত্র মনশা ও আফ্রিম যাহার
দিগকে আসনত পোটিফরার কন্যা আসনত
২১ প্রসব হইল তাহা হইতে। বেনিয়নের পুত্র বলা
ও বখর ও আশবল ও গিরা ও নঅমন অহি ও রাশ
২২ ও মপিম ও হপিম এ আর্দ। এ সকল রাহেলের
সন্তান যাহা সে প্রসব হইল যাঁকুব হইতে সমস্তে
চৌদ্দ প্রাণী।
২৩ দনের পুত্র হুশিম। নপ্তলির পুত্র য়িহ্সএল ও গুনি
২৪ ও যহর ও শলিম। এ সকল বলহার সন্তান যাহাকে
২৫ লবন দিল তাহার কন্যা রাহেলকে ও সে প্রসব

হইল এই সমস্ত যাঁকুব হইতে সর্ব্ব সমেত সাত
২৬ প্রাণী। সকল প্রাণী যাহারা গেল যাঁকুবের সাতে
মিসরে যাহারা ওদ্ভব হইল যাঁকুবের অগ্নি
২৭ তাহার পুত্রবধূগন ভাড়া জেমষ্টি প্রাণী। ও
যুসফের পুত্র যাহারা জন্মিল তাহা হইতে মিসরে দুই
২৮ প্রাণী। যাঁকুবের ঘরের সকল প্রাণী যাহারা
আইল মিসরে সত্তরি জন।

২৯ তখন সে পাঠাইল যিহোদা যুসফের কাছে
পথ দেখাইতে ও তাহারা আইল গশনে। তৎকালে
যুসফ তাহার রথ প্রস্তুত করিয়া গশনে চলিল
তাহার পিতার সহিত সাক্ষাৎ করিতে ও তাহার
সম্মুখে যাইবা মাত্রেই পড়িল তাহার গলায় ও তাহার
৩০ গলায় রোদন করিল অনেক্ষন। পরে য়িশরাল
বলিল যুসফকে এখন আমি মরিয়া যাই এখন
আমি দেখিয়াছি তোমার মুখ ও তুমি এখন পর্য্যন্ত
৩১ জীবত। যুসফ বলিল তাহার ভ্রাতা ও তাহার পিতার
বাটীর সকলকে আমি যাইয়া জানাইব ফারোঙাকে
ও বলিব তাহাকে আমার ভ্রাতারা ও আমার পিতার
বাটীর সকলে যাহারা ছিল কনাঁয়ন দেশে তাহারা
৩২ আইল আমার কাছে ও তাহারা মেষ রক্ষক
মনুষ্য তাহারদের ব্যবসার পশু চরান তাহারা
ও আনিয়াছে তাহারদের পশু ও গরু পাল ও যে
৩৩ সমস্ত তাহারদের। যখন ফারোঙা ডাকেন
তোমারদিগকে ও বলেন কি ব্যবসা তোমার

৩৪ দের। তখন বলিও তোমার চাকরেরদের তেজারত
পশুর বিষয় বালাকালাবধি এখন পর্য্যন্ত আমার
ও আমারদের পিতা তাহাতে তোমারা বসতি করিতে
পাইবা গশন দেশে একারণ প্রতি মেষ রক্ষককে
ঘৃণা করে মিচরের লোক।

পর্ব্ব ৪৭ পরে যুসফ আসিয়া বলিল ফারোউাকে আমার
পিতা ও আমার ভ্রাতারা ও তাহারদের ভেড়া মেষের
পাল ও গরুদিগের পাল ও তাহারদিগের সমস্ত
সমেত আসিয়াছে ঘনাঁয়ন দেশ হইতে দেখ তাহারা
২ আছে গশন দেশে। তখন তাহার কতক জন
ভ্রাতারদিগকে সাতে লইয়া তাহারদের পাঁচ জনকে
৩ ফারোউার সন্মুখে দিল। তখন ফারোউা বলিল
তাহার ভ্রাতারদিগকে তোমারদিগের কি ব্যবসা।
তাহারা বলিল ফারোউাকে তোমার চাকরেরা
মেষ রক্ষক দুই আমরা ও আমারদের পিতা।
৪ আর তাহারা বলিল ফারোউার কাছে আমরা
থাকিতে আইলাম এ দেশে ঘনাঁয়ন দেশে বড়
মন্বন্তর হইয়াছে সে কারণ তোমার চাকরেরদের
সে স্থানে পালের ঘাশ অপ্রাপ্য হইল অতএব এখন
আমরা সাবিনা করি তোমাকে তোমার চাকরের
৫ দিগকে বসতি করিতে দেহ গশন দেশে। এতদর্থে
ফারোউা বলিল যুসফকে তোমার পিতা ও
৬ তোমার ভ্রাতারা আসিয়াছে তোমার কাছে মিচর
দেশ তোমার সন্মুখে তোমার পিতা ও ভাইকে

৬ উত্তম স্থানে বসতি করিতে দেহ তাঁহারদিগকে
রহিতে দেহ গোশন দেশে ও তাঁহারদের কাহাকে
চানাক জানিয়া নিযুক্ত করিও আমার পশুগনের কর্ত্তা।
৭ পরে যুসফ তাহার পিতা যাঁকুবকে আনাইয়া বসাইল
ফারোওার সম্মুখে ও যাঁকুব বর দিল ফারোওাকে।
৮ তৎপরে ফারোওা বলিল যাঁকুবকে তোমার কত
৯ বয়ক্রম। যাঁকুব বলিল ফারোওাকে আমার ভ্রমনের
বয়ক্রম এক শত ত্রিশ বৎসর কিঞ্চিৎ ও দুষ্টযি
আমার বয়ক্রম ও অদ্যাপি পাই নাহি আমার পিতৃদের
১০ ভ্রমন প্রমাযুর বৎসর। পরে যাঁকুব ফারোওা
কে বর দিয়া প্রস্থান করিল ফারোওার নিকট হইতে।

১১ তখন যুসফ স্থান দিল তাহার পিতা ও ভ্রাতার
দিগকে সে দিল তাঁহারদিগকে মহপ্রনি মিচর দেশের
উত্তম স্থানে রাম্মসস দেশে যে মত ফারোওা আজ্ঞা
১২ করিয়া ছিল। তৎপরে যুসফ প্রতি পালন করিল
তাহার পিতা ও তাহার ভ্রাতারদিগকে ও তাহার
পিতার বাটীর সকলকে ভক্ষ্য দিয়া তাঁহারদের
পরিজনানুযায়ি।

১৩ সে অত্যন্ত মন্বন্তরের কারনে সমস্ত দেশে ভক্ষ্য
অপ্রাপ্য হইল তাহাতে মিচর ও কনাঁয়ন দেশ ক্ষুন্ন
১৪ হইল মন্বন্তরেরাধে। ও যুসফ একত্র করিল
শস্য বিক্রয় অর্থ যাহা পাইল মিচর ও কনাঁয়ন
দেশ হইতে ও যুসফ আনিল সে সকল অর্থ
১৫ ফারোওার ঘরে। পরে অর্থ শূন্য হইলে মিচর

ও কনানীয় দেশে সকল মিসরীয়রা যুসফের কাছে
আসিয়া বলিল দেহ আমারদিগকে ভক্ষ্য কিমর্থে
মরিব তোমার সম্মুখে আমারদের অর্থ শূন্য
১৬ হইয়াছে। যুসফ বলিল তাহারদিগকে দেহ
তোমারদের পশু ও আমি দিব ভক্ষ্য তোমারদিগের
১৭ পশুর বদলে যদিত অর্থ শূন্য হইয়া থাকে। তখন
তাহারা আনিল তাহারদের পশু যুসফের ঠাঁই
এবং যুসফ দিল তাহারদিগকে ভক্ষ্য ঘোড়া ভেড়া
মেষ ও গবাদি পালের বদলে সে বৎসর খাইতে
দিলেন তাহারদিগকে তাহারদের সমস্ত পশুর
১৮ বদলে। সে বৎসর গত হইলে তাহারা
আইল দ্বিতীয় বৎসর তাহার কাছে ও বলিল
আমরা গোপন করি না আমারদের প্রভু হইতে
আমারদের যে অর্থ তাহা গেল আমারদের
প্রভু ও পাইয়াছেন আমারদের পশু আর কোন
ফিজু বক্রি নাহি কেবল আমারদের শরীর ও
১৯ আমারদের ক্ষেত্র আমরা ও আমারদের ক্ষেত্র
কেন মরিব তোমার গোচরে ক্রয় করহ আমার
দিগকে ও আমারদের ক্ষেত্র ভক্ষ্যের কারণ
ইহাতে আমরা ও আমারদের ক্ষেত্র হইব ফারোউর
গোলাম পরে দানা দেহ তাহাতে আমরা বাঁচি ও
মরি না এবং যেন আমারদের জমিন হবেক না গর
২০ আবাদ। তখন যুসফ ক্রয় করিল মিসরের
সমস্ত ভূমি ফারোউর কারণ মিসরীয়রা বিক্রয়
করিল প্রতি জন তাহার ক্ষেত্র অতিশয় মন্বন্তর

হওনার্থে তাহারদের ওপরে ইহাতে সে দেশ হইল
২১ ফারোওার। পরে সে লোকেরদিগকে লাড়িয়া
আনিল সহরে২ মিজরের এক সীমানা হইতে অন্য
২২ সীমানায় কেবল যাজকেরদের ভূমি কিনিল না।
যাজকেরদের ফারোওার দত্ত বৃত্তি ছিল এবং যে ভক্ষ্য
ভুজ্য ফারোওা দিল তাহারদিগকে তাহা ভোগ করিল
২৩ অতএব বিক্রয় করিল না তাহারদের ভূমি। পরে যুসফ
বলিল লোকেরদিগকে দেখ আমি অদ্য ক্রয় করিয়াছি
তোমারদিগকে এবং তোমারদের ভূমি ফারোওার
কারণ দেখ এই বীজ দিতেছি তোমারদিগকে তোমরা
২৪ বুন যাইয়া ভূমিতে পরে যে ওপসস্ব হইবে
তাহার পঞ্চমাংশ দিতে হবে ফারোওাকে ও
চারি অংশ হবেক তোমারদের ক্ষেত্রের বীজ ও
তোমারদের ভক্ষ্য ও তোমারদের বাটীর লোক ও
২৫ বালকেরদের ভক্ষ্যের কারণ। তাহারা বলিল
তুমি বাঁচাইয়াছে আমারদের প্রান অনুগ্রহ
কর আমারদিগকে প্রভুহে ইহাতে আমরা হইব
২৬ ফারোওার গোলায়। তখন যুসফ করিল মিজরের
ওপর এ ব্যবস্থা সেই দিনাবধি ফারোওা পাইবে
পঞ্চমাংশ কেবল যাজকেরদের ভূমি ফারোওার
হইল না।

২৭ এবং ইস্রাএল বাস করিল মিজর দেশে
তাহাই গশন দেশে ও বৃদ্ধি পাইল তাহাতে অতি
বৃহৎ গোষ্ঠি হইল।

২৮ যাঁকুব ছিল মিসরে সপ্তদশ বৎসর তখন
যাঁকুবের সমস্ত বয়ক্রম একশত সাতচল্লিশ
২৯ বৎসর। যিশরালের মরন সময় নিকট হইল তখন
তাহার পুত্র যুসফকে ডাকিয়া বলিল যদি আমি
পাইয়াছি অনুগ্রহ তোমার ঠাঁই আমি মাইনা করি
তোমাকে তোমার হাত দেহ আমার ওরুর নিচে ও
ক্ষেমা ও শত্যতা পালন করিয়া আমার কবর
৩০ করিও না মিসরে কিন্তু আমি শয়ন করিব আমার
পিতার সাতে অতএব তুমি মিসর হইতে আমাকে
লইয়া যাইয়া তাহারদের কবরে দিও। সে
৩১ বলিল আমি করিব তাহা যাহা বলিয়াছ। তখন
সে বলিল কিরা করহ আমার কাজে অতএব সে
কিরা করিল তাহার কাজে তখন যিশরাল প্রনাম
করিল শয্যার সিয়রের ওপরে।

পর্ব্ব ৪৮ ইহার পরে কেহ কহিল যুসফকে দেখ তোমার
পিতা পীড়িত তাহাতে সে তাহার দুই পুত্র মনশা ও
আফ্রিমকে সাতে লইয়া গেল তখন কেহ সমাচার দিল
যাঁকুবকে দেখ তোমার পুত্র যুসফ আসিয়াছে তোমার
স্থানে তাহাতে যিশরাল অনেক কৈশায় ওঠিয়া বসিল
৩ বিছানার ওপরে। পরে যাঁকুব বলিল যুসফকে
সর্ব্ব শক্তি ঈশ্বর দেখা দিলেন আমাকে লুজাঁয়নের
৪ লোজে ও বর দিলেন আমাকে ও বলিলেন দেখ
আমি করিব তোমাকে ফল পূর্ণ ও বৃহত গোষ্ঠি আমি
ও তুল্যাইব অনেকং লোক তোমা হইতে ও দিব এ দেশ

তোমার সন্তানকে তোমার পরে সর্ব্ব কালের
স্থিরাসের কারণ।

৫ তখন তোমার দুই পুত্র আফ্রিম ও মনশা যাহা
তোমার জন্মিয়াছে মিসরে আমি মিসরে তোমার
কাছে আইসনের পূর্ব্বে তাহারা আমার যেমন
রূবেন ও শিমিওন তেমন তাহারা হবেক আমার
৬ ও তোমার শিশু যাহারদিগকে জন্ম দিবা ইহারদের
পরে হবেক তোমার তাহারদের ভ্রাতারদের সমান
৭ অংশ হবেক তাহারদের। এই আমার বিষয়
আমি পদন হইতে আসিতে রাখেল মরিল আমার
নিকটে কনাঁয়ন দেশে আফ্রতে আসিতে অল্প পথ
থাকিতে এবং আমি তাহার কবর করিলাম আফ্রতের
৮ পথে যে স্থানের নাম এখন বীতলক্ষম। তখন য়িশরাল
য়ুসফের পুত্রেরদিগকে দেখিয়া বলিল ইহারা কারা।
৯ য়ুসফ বলিল তাহার পিতাকে ইহারা আমার পুত্র
যাহারদিগকে ঈশ্বর দিয়াছেন আমাকে এ স্থানে।
পরে য়াঁকুব বলিল আনহ তাহারদিগকে আমার কাছে
১০ আমি বর দিব তাহারদিগকে। তৎকালে বার্দ্ধক্যে
য়িশরালের চক্ষু ক্ষয় দৃষ্টি হইয়াছিল এতদর্থে সুন্দর
দেখিতে পান না এবং য়ুসফ আনিল তাহারদিগকে
তাহার নিকট পরে সে তাহারদিগকে চুম্বন করিয়া
১১ আলিঙ্গন করিল তাহারদের সহিত। তৎপরে
য়িশরাল বলিল য়ুসফকে আমি ভাবিলাম না
তোমার মুখ দেখিতে কিন্তু দেখ ঈশ্বর আমাকে
১২ তোমার সন্তানকে ও দেখাইয়াছেন। তখন য়ুসফ

বাহির করিল তাহারদিগকে তাহার দুই মর্ব্যস্থ
হইতে ও প্রণাম করিল তাহাকে ভূমিষ্ঠ হইয়া।
৪৩ পরে যুসফ তাহারদের দুই জনকে লইয়া দিল আফ্রিম
তাহার দক্ষিণে য়িশরালের বামে ও মনশা তাহার
বামে য়িশরালের দক্ষিণে এমনে আনিল তাহার
৪৪ নিকট। তারপর য়িশরাল তাহার দক্ষিণ হস্ত বাড়াইয়া
দিল আফ্রিমের মাথায় যে কনিষ্ঠ ও তাহার বাম
হস্ত মনশার মাথায় বিবেচিত মতে হাত ঘুরিয়া
একারন মনশা জ্যেষ্ঠ।

৪৫ পরে সে বর দিল যুসফকে ও বলিল ঈশ্বর যাহার
সম্মুখে আমার পিতৃ আবরহাম কাল কাটাইল
ঈশ্বর যিনি প্রতিপালন করিলেন আমাকে জন্মাবধি
৪৬ আজি পর্য্যন্ত সে দূত যে আমাকে খালাস করিল
সমস্ত দুঃখ হইতে বর দিওন এ বালকেরদিগকে
এবং আমার নাম ও আমার পিতৃ আবরাহাম ও
য়িজহকের নাম হওক তাহারদের নাম এবং তাহার
দিগকে বৃদ্ধি করুন পৃথিবীর ওপর বহুৎ গোষ্ঠিতে
৪৭ মৎস্যের ন্যায়। যুসফ দেখিল যে তাহার
পিতা দক্ষিণ হস্ত দিয়াছিল আফ্রিমের মাথায়
এতদর্থে আফ্রিমের মস্তক হইতে তাহার পিতার
৪৮ হস্ত লাড়াইয়া দেওয়াইল মনশার মস্তকে। ও
যুসফ বলিল তাহার পিতাকে এমত করিও না
পিতা এই জ্যেষ্ঠ তোমার দক্ষিণ হস্ত দেহ ইহার
৪৯ মস্তকে। তখন তাহার পিতা নহি করিয়া বলিল
আমি জানি আমার বাছা আমি জানি সেই হইবেক

বৃহৎ বর্ণ ও সেই হইবেক বড় কিন্তু নিতান্ত ইহার
কনিষ্ঠ ভাই হইবেক ইহা হইতে বড় ও তাহার সন্তান
২০ হইবেক অনেক বর্ণ। পরে সে বর দিল তাহার
দিগিকে সে দিবস বলিয়া তোমারদিগী লইয়া য়িশরালী
বর দিওক কহিয়া ঈশ্বর করুন তোমারদিগিকে
আফ্রিম ও মনশার মত এই মতে রাখিল আফ্রিমকে
২১ মনশার অগ্রে পরে য়িশরাল বলিল যুসফকে দেখ
আমি মরি কিন্তু ঈশ্বর হইবেন তোমার সাতে ও
আরবার আনিবেন তোমারদিগিকে তোমার পিতৃরদের
২২ দেশে আমি দিয়াছি তোমাকে এক অংশ অধিক
তোমার ভ্রাতারদিগী হইতে যাহা আমি লইয়াছি
আমরীরদের হাত হইতে আমার তলোয়ার ও
ধনুক দিয়া।

পর্ব্ব ৪৯ তৎপরে যাঁকুব তাহার পুত্রেরদিগিকে ডাকিয়া
বলিল তোমরা একত্র হও তাহাতে আমি বলিব
১ তোমারদের কি হইবে শেষ দিনে একত্র হইয়া
শুনহ যাঁকুবের পুত্রেরারে ও পরিগ্রহ করহ তোকার
দের পিতা য়িশরালের কথা।

৩ রাউবন তুমি আমার প্রথম পুত্র আমার শক্তি ও
আমার বলের আরম্ভ মহত্ত্বতার উত্তমত্ব ও পরা
৪ ক্রমের উত্তমত্ব। অম্বির জলের মত তুমি জিনিবা না
এ নিমিত্ত গিয়াছিলা তোমার পিতার শয্যায় তখন
অশুচি করিলা শয্যা সে গেল আমার কৌচে।

৫ শিমওন ও লোই দুই ভ্রাতা তরুণা দাইক

৬ অস্ত্র তাহারদের। আরে আমার প্রাণ আসিও না
তাহারদের গুপ্ত কার্য্যে আমার সম্ভ্রমরে তাহারদের
সভার সহিত হইও না তাহারা ক্রোধে বধ
করিল মনুষ্যকে তাহারদের একগুয়াতে তাহারা
৭ ওৎন্যাৎ করিল দেয়াল। তাহারদের রাগ হইল
দুরন্ত ও তাহারদের রোষ কঠিন সে কারন শাঁপ
গ্রস্ত হওক আমি ভিন্ন ভিন্ন করিব তাহারদিগকে
যাকুবে ও ছড়াইয়া ফেলাইব তাহারদিগকে
য়িশরালে।

৮ য়িহোদা তুমি সে যাহার যশ তোমার ভ্রাতারা
করিবেক তোমার হস্ত বিরিবেক তোমার শত্রুরদের
ঘাড় তোমার পিতার শিশু পুনাম করিবেক তোমার
৯ সাক্ষাৎ। য়িহোদা আছে সিংহের বাচ্চা সিকার
ছাড়িয়া আইল আমার পুত্ররে তুমি পুস্থান করিলা।
সে গুড়ি মারিল সে তালি মারিল সিংহের ন্যায় ও
বড় সিংহের প্রায়। কে আছে হেমাতী খোদাইতে
১০ তাহাকে। শীলোর উদয় না হইলে রাজ গুণ
কখন অন্তর হইবেক না য়িহোদা হইতে কিম্বা
ব্যবস্থা কর্ত্তা তাহার পদদ্বয়ের মধ্য স্থল হইতে
১১ তাহাকে লোকেরদের বাচুলাতা হবেক। তাহার
বাচুরা দ্রাক্ষা গাছে বন্ধিয়া ও তাহার গাধীর
বাচুরা অতি ভাল দ্রাক্ষা গাছে সে ধুইল তাহার
পরিচ্ছদ দ্রাক্ষা রসে ও তাহার বস্ত্র দ্রাক্ষার
১২ রক্তে। তাহার চক্ষু রক্তবর্ন দ্রাক্ষা রস পীয়া
ও তাহার দন্ত শুক্ল বর্ন দুগ্ধে।

১৩ জবুলন বসতি করিবে সমুদ্রের কোলের কাছে সে
হবেক জাহাজের কোলের নিমিত্তক তাহার
সীমানা হবেক সীদন পর্য্যন্ত।——

১৪ য়িশশ্বর আছে বলবান গাধা শুইয়া পড়িল দুই
১৫ বোজের মধ্যে সে দেখিল বিশ্রম ভাল ও দেশ
বিলক্ষন অতএব কোঁকড়া করে কাঁধে ভার লইতে
ও হইল খাজানা দাতা।——

১৬ দন বিচার করিবে তাহার লোকেরদিগকে যে মত
১৭ য়িশরালের এক গোষ্ঠি। দন হবে পথের সর্প
ও পথের আড়াই সর্প যে ঘোড়ার খুরে
১৮ তখন সোয়ার ওল্টিয়া পড়ে। আমি অপিক্ষা
করিয়াছি তোমার ত্রানের কারন আরে য়িহুহা।—

১৯ গাদ অনেক লোকে জিনিবেক তাহাকে কিন্তু অন্তে
সে জিনিবে।——

২০ আশর হইতে তাহার হবেক তৈলাক্ত ভক্ষ্য সে
উৎপন্ন করে রাজ যোগ্য উত্তম বস্তু।——

২১ নপ্তলি আছে ছাড়নীয় হরিন সে কহে ভাল
কথা।——

২২ য়ুসফ আছে ফল পূর্ণ সাখা কূপের নিকট যাহার
২৩ ডাল চড়ে কূপের দেয়ালের ওপর। ধনুর্দ্ধরেরা
অতি মনস্তাপিত করিল ও তির মারিল ও ঘৃনা
২৪ করিল তাহাকে। কিন্তু তাহার ধনুক বড় শক্ত
হইল তাহার বাহুর হাত বলবান করা গেল যাঁকুবের
সর্ব্ব শক্তি ঈশ্বরের হস্ত দিয়া সে কারন তিনি
২৫ রক্ষক এবং য়িশরালের প্রস্তর তোমার পিতার প্রভু

হইতে যিনি ওপাগার করিবেন তোমাকে ও সর্ব্ব
শক্তি যিনি বর দিবেন তোমাকে ঊর্দ্ধীয় স্বর্গের
বর দিয়া এবং গভীর যে নিচে আছে তাহার বর
২৬ দিয়া স্তন ও গর্ব্ভের বর দিয়া। তোমার পিতার
বর আমার পিতৃদের আশীর্ব্বাদ হইতে অধিক হইল
সে অনন্ত পর্ব্বতের অতি সীমা পর্য্যন্ত তাহা হবেক
যুসফের মস্তকের উপরে ও তাহার মাথা খুলির উপরে
যে বিভিন্ন হইল তাহার ভ্রাতারদিগ হইতে।
২৭ বেনিয়ন হইবেক ভুখীল কেন্দুয়ার মত প্রাতে সে
ভক্ষন করিবেক সিকার সায়ং কালে পুথকং
করিল সিকার।
২৮ এই য়িশরালের বারো গোষ্ঠি ও এই তাহা যাহা
তাহারদের পিতা কহিল তাহারদিগকে একং জনকে
তাহার আশীর্ব্বাদানুযায়ি বর দিল তাহারদিগকে।
২৯ তৎপরে সে আজ্ঞা করিয়া বলিল তাহারদিগকে
আমি একত্র হই যাইয়া আমার লোকেরদের সাতে
৩০ আমার কবর করিও আমার পিতার সহিত সে
গহ্বরে যাহা ঔফ্রোন ক্ষতীর ক্ষেত্রে সে গহ্বরে যাহা
মম্রাপলার ক্ষেত্রে যাহা সময়রার অর্থ ভাগে কনাঁয়ন
দেশে যাহা আবরহাম ক্রয় করিল ঔফ্রোন ক্ষতী
হইতে ক্ষেত্রের সহিত কবর স্থলের কারন সে
৩১ স্থলে তাহারা আবরহাম ও তাহার জায়া শরার
কবর করিল তাহারা সেখানে য়িজহক ও তাহার
জায়া রবেকার কবর করিল ও সে স্থানে আমি লেয়ার
৩২ কবর করিলাম সে ক্ষেত্র ও গহ্বর যাহা তাহার

৬৬ মধ্যে কেনা হইল ক্ষতীর সন্তানের নাঁই। পরে
যাঁকুব তাহার পুত্রেরদিগকে আজ্ঞা করন সাঙ্গ
করিলে তাহার পাদদ্বয় বিছানায় গোট করিয়া প্রান
ত্যাগ করিয়া একত্র হইল তাহার লোকেরদের
সহিত।

পর্ব্ব ৫০ তখন যুসফ তাহার পিতার মুখের ওপর পড়িয়া
রোদন করিল ও চুম্বন করিল তাহাকে। পরে
যুসফ আজ্ঞা করিল তাহার চাকর বৈদ্যেরদিগকে
মোমিয়া করিতে তাহার পিতাকে তাহাতে বৈদ্যেরা
৩ মোমিয়া করিল য়িশরালকে। তাহারদের কৃতক
দিন মোমিয়া করন ব্যবহার ছিল অতএব চল্লিশ
দিন তাহারা তাহা করিল ও মিজরীয়েরা শোকাবিষ্ট
৪ হইল তাহার কারন সত্তরি দিবস। তৎপরে তাহার
শোক করন দিবস গত হইলে যুসফ কহিল ফারোওার
বাটীর লোকেরদিগকে যদি আমি পাইয়াছি অনুগ্রহ
তোমারদের দৃষ্টিতে আমি সাধিনা করি তোমরা বল
৫ যাইয়া এই কথা ফারোওাকে আমার পিতা কিরা
করাইয়া বলিলেন আমাকে দেখ আমি মরি
আমাকে শোয়াও সে কবরে যাহা আমি খনন
করিয়াছি খনাঁয়ন দেশে অতএব আমি সাধিনা করি
তোমাকে যাইতে দেহ আমাকে আমি যাইয়া
আমার পিতার কবর করিয়া আসিব পুনর্ব্বার।
৬ তাহাতে ফারোওা বলিল যাও তোমার পিতার কবর
করহ তাহার কিরানুযায়ি যাহা করাইয়াছে তোমাকে

৭ তখন যুসফ প্রস্থান করিল তাহার পিতার কবর
করিতে ও তাহার সাতে চলিল ফারোঔর বাটীর
সমস্ত প্রাচীন চাকর ও মিজর দেশের সমস্ত প্রাচীন
৮ লোক যুসফের বাটীর সকলে ও তাহার ভ্রাতার
দিগের ও তাহার পিতার বাটীর সকলে কেবল
তাহারদের বালকেরদিগকে ও তাহারদের অজা
যেষ পাল ও তাহারদের গরুদিগের পাল তাহারা
৯ গশনে ছাড়িয়া গেল। তাহার সাতে চলিল
রথ ও আসোয়ারি তাহাতে অতি বৃহৎ-মানবা
১০ হইল। তাহারা আটদের খলিয়ান যাহা যির্দ্দনের
ও পার তাহাতে ওত্তরিয়া অতি শোকিৎ হইল ও বড়
ক্রন্দন করিল একারন তিনি শোকাচার করিল
১১ তাহার পিতার কারন সাত দিবস এতদর্থে সে
দেশের রাইয়ত খনাঁয়নীই আটদের খলিয়ানে শোক
দেখিয়া বলিল এ মিজরীরদিগের বড় শোকাচার
অতএব তাহারা সে স্থানের নাম রাখিল আবল
১২ মিজরী তাহা যির্দ্দনের ও দিগে। তখন তাহার পুত্রেরা
করিল তাহার সকলে যেমত সে আজ্ঞা করিয়াছিল
১৩ তাহারদিগকে তাহার পুত্রেরাই লইয়া গেল তাহাকে
খনাঁয়ন দেশে ও তাহার কবর করিল সে ক্ষেত্রের গহ্বরে
যাহা আবরহাম ক্রয় করিল ক্ষেতের সহিত কবর
স্থলের কারন ঔফ্রোন ক্ষতীর ঠাই মমরার সম্মুখে।
১৪ যুসফ তাহার পিতার কবর করনের পরে ফিরিল
মিজরে সে ও তাহার ভ্রাতারা ও সে সকলে
যাহারা গিয়াছিল তাহার পিতার কবর করিতে।

১৫ যখন যুসফের ভ্রাতারা দেখিল তাহারদের পিতা
মৃত তখন তাহারা বলিল যুসফ কষ্ট হবেন
আমারদের উপর সে ও অবশ্য দায়া করিবে সে
১৬ কুক্রিয়া যা আমরা করিলাম তাহাকে। পরে তাহারা
হরকরা পাঠাইল যুসফের কাছে বলিতে তোমার
পিতা তাহার মরনের পূর্ব্বে এ আজ্ঞা করিলেন
১৭ এই মত বলিও যুসফকে আমি বলি তোমাকে মাফ
কর তোমার ভ্রাতারদের শাস্ত্রবতা ও তাহারদের
অপরাধি তাহারা কুক্রিয়া করিল বটে তোমার
বিপরিতে এখন আমরা সাবিনা করি তোমাকে মাফ
কর তোমার পিতার ঈশ্বরের দাসেরদের শাস্ত্রবতা।
তখন যুসফ তাহারদের কথা শুনিয়া রোদন করিল।
১৮ তাহার ভ্রাতারা ও যাইয়া পড়িল তাহার সাক্ষাত ও
১৯ বলিল দেখ আমরা তোমার ভৃত্য। তখন যুসফ
বলিল ভয় করিও না আমি কি ঈশ্বরের তুল্য।
২০ তোমরা নিতান্ত ঠাওরাইলা কুক্রিয়া করিতে আমার
বিপরিতে কিন্তু ঈশ্বর করিলেন তাহা ভদ্র তাহাতে
তিনি বাঁচাইয়াছেন অনেক লোকের প্রান যে মত
২১ অদ্য হইয়াছে। অতএব এখন ভয় করিও না আমি
পালন করিব তোমারদিগকে ও তোমারদের লোকের
দিগকে। এই মতে তাহারদিগকে শান্তনা করিয়া
প্রীতি কথা কহিল তাহারদের সহিত।

২২ যুসফ বাস করিল মিসরে সে ও তাহার বাপীর
সকলে ও যুসফ জীবত থাকিল এক শত দশ
২৩ বৎসর। তাহাতে যুসফ দেখিল আফ্রিমের সন্তান

২৪ তৃতীয় পুরুষ পর্য্যন্ত। এবং যূষফের পুত্র মনশ্শির
শিশুদিগকে ও পালন হইল যূষফের হাটুর উপর।
পরে যূষফ বলিল তাঁহার ভ্রাতাদিগকে আমি মরি
কিন্তু ঈশ্বর অবশ্য দেখা দিবেন তোমাদিগকে ও
এ দেশ হইতে তোমাদিগকে বাহির করিয়া লইয়া
যাবেন সে দেশে যাহা কিরা করিয়াছেন অব্রহাম
২৫ ও যিচহাক ও যাকুবের কাছে। তখন যূষফ
যিশ্রায়েলের সন্তানেরদিগেরা এ কিরা করাইল
ঈশ্বর অবশ্য দেখা দিবেন তোমাদিগকে ও তোমরা
২৬ লইয়া যাও আমার অস্থি এখান হইতে। পরে
যূষফ মরিল একশত দশ বৎসর বয়ক্রমে ও তাহারা
ঘুইল তাহাকে সিন্দুকে মিসরে।

যেশায় দ্বিতীয় পুস্তক তাহা বলে যাত্রা।

প্রথম পর্ব্ব।

১ এই সকল য়িশ্রায়েলের সন্তানেরদের নাম যাহারা
আইল মিসরে তাহারা ও তাহারদের পরিজন
২ য়াকুবের সাতে। রাউবন শিমিওন লেই য়িহোদা
৩ য়িশ্সর জবুলন ও বেনিয়ন দন ও নপ্তলি গদ ও
৪ আশর। যে সমস্ত প্রাণী যাঁকুবের অংশে
৫ উদ্ভব হইল সর্ব্ব সমেত সত্তরি প্রাণী কিন্তু যুসফ
৬ ছিল মিসরে তাহার পূর্ব্বে। যুসফ ও তাহার
সমস্ত ভ্রাতারা ও সে সমস্ত পুরুষ মরিল।
৭ তখান য়িশ্রায়েলের সন্তানেরা ফল পূর্ণ ও অতি
বৃদ্ধি ও বৃহত গোষ্ঠি ও অতি শক্তিমন্ত হইল তাহাতে
৮ সে দেশে তাহারা পরিপূর্ণ হইল। তৎপরে মিসরের
ওপর হইল নূতন রাজা সে চিনিল না যুসফকে।
৯ সে বলিল তাহার লোকেরদিগকে দেখ য়িশ্রায়েলের
সন্তানেরা অধিক শক্তিমন্ত আমারদিগ হইতে
১০ আইস আমরা জ্ঞানী কার্য্য করি তাহারদের সাতে
পাছে ইহারা বৃহত গোষ্ঠি হইবেক ও তারপর যুদ্ধ
হইলে তাহারা আমারদের বৈরগীরদের সহিত
একতা হইবেক ও আমার বিপরিতে যুদ্ধ করিয়া বাহির

১১ হইয়া যাইবে এ দেশ হইতে। অতএব আইস
আমরা নিযুক্ত করিব তাহারদের ওপরে শাসন কর্ত্তা
দুঃখ দিতে তাহারদিগকে তাহারদের কার্য্যে। পরে
ভাণ্ডারের সহর গঠন করিল ফারোওার কারন পতম
১২ ও রাঁমসস। তাহারা অতিরিক্ত দুঃখ দিল তাহার
দিগকে তত্রাপি তাহারা অতিবাদ হইল ও বৃদ্ধি পাইল
ইহাতে তাহারা ব্যস্ত হইল য়িশ্রায়েলের সন্তানের
১৩ কারন। তখন মিজরীয়া পুবর্ত্ত করিল তাহার
১৪ দিগকে কঠিন কার্য্য করাইতে। এবং তাহারা
তাহারদের প্রান তিক্ত করিল কঠিন কর্ম্মে মাটি
চটকান ও ইট ও সকল পুকার পাতি কাযে যে কার্য্য
করাইল তাহারদিগকে তাহা সমস্ত কঠিন কার্য্য
করাইল।

১৫ মিজরের রাজা বলিল ঔত্রি দাইরদিগকে তাহারদের
এক জনের নাম সপ্রা আর এক জনের নাম পোওা
১৬ সেই বলিল যখন তোমরা দাই ক্রিয়া কর ঔবিরদের স্ত্রী
লোকেরদিগকে ও তাহারদিগকে মাচিয়ার ওপরে দেখ
যদি পুত্র সন্তান তবে মারিয়া ফেলাও তাহাকে কিন্তু
১৭ যদিত কন্যা তবে বাঁচাও তাহাকে। সে দাইরা ভয় করিল
ঈশ্বরকে অতএব তাহারা করিল না যে মত মিজরের
রাজা আজ্ঞা করিয়াছিল তাহারদিগকে তাহারা পুত্র
১৮ সন্তান বাঁচাইয়া রাখিল। তখন মিজরের রাজা
সে দাইরদিগকে ডাকিয়া বলিল কেন এমত করিলি
১৯ ও পুত্র সন্তানগন বাঁচাইয়া রাখিলি। দাইরা বলিল
ফারোওাকে ঔব্রি স্ত্রী লোক মিজরিরদের স্ত্রী লোকের

মত নহে তাহারা পরমানন্দে প্রসব হয় দাই
২০ লোকেরদের আইসনের পূর্ব্বে। অতএল ঈশ্বর
ভাল করিলেন দাইরদিগকে সে লোকেরা ও বৃহৎ
২১ গোষ্ঠি এবং বড় শক্তিযুক্ত হইল। সে দাইরা ভয়
করিল ঈশ্বরকে সে কারণ তিনি করিলেন তাহার
২২ দিগকে পরিবার বিশিষ্ট। তখন ফারোওা আজ্ঞা
করিল তাহার সমস্ত লোকেরদিগকে কহিয়া প্রতি
পুত্র সন্তান যাহা জন্মে তাহা নদীতে ফেলাও ও প্রতি
কন্যা সন্তান বাঁচাও।

পর্ব্ব ২ পরে লোইর গোষ্ঠির এক জন যাইয়া বিবাহ করিল
লোইর কন্যা সন্তুতিকে। পরে সে নারী গর্ব্ববতী
হইয়া পুত্র প্রসব হইল তখন সে পুত্রকে বিলক্ষন
৩ দেখিয়া গোপনে রাখিল তিন মাস। কিন্তু যখন
আর গোপনা করিতে পারিল না তাহাকে তখন সে
গঠন করিল একটা পাতির ডোঙ্গা ও বিনায় লেপিল
পরে রাখিল সে শিশু তাহার মধ্যে এবং থুইল
৪ তাহাকে নদীর কিনারায় নল বনে। তাহার ভগিনী
কতক দুরে তাগুাইয়া দেখিতে লাগিল তাহার কি
হইবে।

৫ তখন ফারোওার কন্যা আইল নদীতে স্নান করিতে
এবং তাহার দাসীগন গতায়ত করিতে লাগিল
নদীর কিনারায় তৎকালে ফারোওার কন্যা সে
ডোঙ্গা নল বনে দেখিয়া তাহার দাসীরদিগকে
৬ পাঠাইয়া দিল তাহা আনিতে পরে তাহা খুলিয়া

দেখিল এক বালক ও দেখে সে কাঁচা জাওয়াল ক্রন্দন
করিতে লাগিল তখন তাহার দয়া উপস্থিত হইল
তাহার উপর তাহাতে বলিল এ ইব্রির এক বালক।
৭ তখন তাহার ভগিনী বলিল ফারোওঁর কন্যাকে আমি
যাইয়া ডাকি ইব্রি নারী এক জন এ বালককে প্রতি
পালন করিতে এবং স্তন পান করাইতে তোমার
৮ কারণ। ফারোওঁর কন্যা বলিল যাও তখন
৯ সে যাইয়া ডাকিল বালকের মাতাকে। পরে
ফারোওঁর কন্যা বলিল তাহাকে এ বালক লইয়া প্রতি
পালন করহ আমার কারণ ইহার মাহিনা আমি দিব
তোমাকে তখন সে নারী বালককে লইয়া প্রতি পালন
১০ করিল। পরে সে বালক বড় হইলে সে আনিল
ফারোওঁর কন্যার কাছে ও সে হইল তাহার পুত্র
সে ও তাহার নাম রাখিল মোশা সে বলিল
আমি টানিয়া আনিলাম তাহাকে জল হইতে।

১১ সে কালে এই মত হইল মোশা বড় হইলে তাহার
ভ্রাতারদের কাছে যাইয়া দেখিল তাহারদের
১২ বোঝা এবং এক জন মিসরীকে দেখিল প্রহার
করিতেছে তাহার ইব্রীয় এক ইব্রিকে। সে এ দিগে
ও দিগে দৃষ্টি করিয়া দেখিল আর কেহ নাহি
তখন সে মিসরীকে মারিয়া ফেলিল ও ঢাকিয়া
১৩ রাখিল বালুকায়। পরে সে দ্বিতীয় দিবসে যাইয়া
দেখিল দুই জন ইব্রি বিরোধি করিতেছে অতএব
বলিল তাহাকে যে অন্যায় করিল কিমর্থে মারিয়াছ

১৪ তোমার অন্তরদিকে। সে বলিল কে করিল
তোকে কর্ত্তা ও বিচার কর্ত্তা আমারদিগের উপরে
আমাকে বধ করিতে চাওরিতেছিস যেমত বধ
করিয়া ছিলি মিজরীকে ইহাতে মোশা ভীত হইয়া
১৫ ভাবিল নিতান্ত ইহা প্রচার হইয়াছে। ফারোওা
তাহা শুনিয়া চাওরিল মারিয়া ফেলাইতে মোশাকে
কিন্তু মোশা পলাইল ফারোওার সন্মুখে হইতে ও
মদীন দেশে যাইয়া বসিলেন এক কূপের কিনারায়।
১৬ মদীনের যাজকের ছিল সাত কন্যা ও তাহারা আইল
জল তুলিতে এবং পাত্রলা পূরিল তাহারদের
১৭ পিতার পালের কারণ। অন্যং মেষ রক্ষকেরা
আসিয়া খেদাইয়া দিল তাহারদিগকে তখন মোশা
উঠিয়া তাহারদের উপকার করিল ও জল পান
১৮ করাইল তাহারদের পালকে। পরে তাহারা
তাহারদের পিতা রউএলের কাছে গেলে সে বলিল
১৯ অদ্য তোমরা কেন এত শীঘ্র আইলা। তাহারা
বলিল এক জন মিজরী ছাড়াইয়া দিল আমারদিগকে
মেষ রক্ষকেরদের হাত হইতে এবং বিস্তর জল ও
২০ তুলিয়া দিল আমারদের পালকে। তৎপরে সে বলিল
তাহার কন্যারদিগকে কোথায় সে কেন তোমরা
ছাড়িয়া আইলা তাহাকে ডাক তাহাকে সে আসিয়া
২১ ভোজন করুক। ইহাতে মোশা স্বীকার করিল
সে লোকের সহিত বাস করিতে তখন সে মোশার
২২ বিবাহ দিলেক তাহার কন্যা জপ্পরার সহিত। ও

সে এক পুত্র প্রসব হইলে তাহার নাম রাখিল
গর্শম এক্কারণ বলিল আমি হই বিদেশী
দেশে।

২৩ বহু দিনের পরে মিসরের রাজার মরণ হইল
পরে ইস্রায়েলের সন্তানেরা কোঁকাইল সে গোলা
মির কারণ ও তাহারা হাহাকার করিল এবং তাহা
দের গোলামির নিমিত্তের হাহাকার গেল ঈশ্বরের
২৪ কাছে। এতদর্থে ঈশ্বর শুনিলেন তাহারদের
ক্রন্দন ও ঈশ্বরের মনে হইল আব্রহাম ও যিসহাক
২৫ ও যাঁকুবের সহিত যে বন্দবস্ত ছিল। তখন ঈশ্বর
দৃষ্টি করিলেন ইস্রায়েলের সন্তানের উপর ও
মনযোগ করিলেন তাহারদের প্রতি।

পর্ব্ব ৩ মোশা তাহার শ্বশুর মদীনের যাজক যিত্রোর মেষ
রক্ষক হইল ও তাহার পাল চলাইল বনের অন্ত দিগে
২ এবং গেল ঈশ্বরের পর্ব্বত হোরবের সান্নিধ্যে। তৎ
কালে যিহুহার দূত প্রকাশ হইল তাহার কাছে এক
ঝোপে অগ্নির শিখার মধ্যে ও সে দেখিতে২ দেখিল
৩ যে ঝোপ পুড়িতেছে কিন্তু নষ্ট নহে। তাহাতে মোশা
বলিল আমি এখন ঐদিগে যাইয়া দেখিব এ মহাকর্ম্ম
৪ ঝোপ কেন পুড়িয়া যায় না। যখন যিহুহা দেখিলেন
মোশা ফিরিল তাহা দেখিবার কারণ তখন ঈশ্বর
ডাকিলেন তাহাকে ঝোপে থাকিয়া মোশারে
৫ সে বলিল আমি এখানে। তিনি বলিলেন ইহার

নিকট আইস না তোমার পায় জুতা খোল যে
৬ স্থানে তাণ্ডাইতেছ তাহা শুদ্ধ ভূমি। পুনর্ব্বার
ঈশ্বর বলিলেন আমি তোমার পিতৃর ঈশ্বর
আব্রহামের ও যিশ্হকের ও যাঁকুবের ঈশ্বর। তখন
মোশা ঈশ্বরের প্রতি দৃষ্টি করিতে ভয় করিয়া
৭ মুখ ঢাকিল। যিহোবা বলিলেন আমি নিতান্ত
দেখিয়াছি আমার লোকেরদের দুঃখ যাহারা মিসরে
আছে ও শুনিয়াছি তাহারদের ক্রন্দন শাসন
কর্ত্তার ক্রিয়াতে আমিই জানি তাহারদের দুঃখ
৮ এবং নামিয়াছি তাহারদিগকে মুক্ত করিতে মিসরীয়
দের হাত হইতে ও বাহির করিয়া আনিতে তাহার
দিগকে সে দেশ হইতে এক ভাল ও পরিসর দেশে যে
মধু দুগ্ধ পূর্ণ যনাঁয়নী ও হত্তী ও আমরী ও পরজী
৯ ও হোঈ ও যিবূশীরদের স্থানে। অতএব দেখ
এখন যিশ্রায়েলের সন্তানেরদের ক্রন্দন আইল আমার
কাছে আমি ও দেখিতেছি সে সকল অত্যাচার যাহা
১০ মিসরীয়েরা অত্যাচার করিতেছে তাহারদিগকে। অতএব
এখন আইস আমি পাঠাইব তোমাকে ফারোণার
নিকটে তাহাতে তুমি মিসর হইতে বাহির করিয়া
আনিবা আমার লোক যিশ্রায়েলের সন্তানেরদিগকে।
১১ পরে মোশা বলিল ঈশ্বরকে আমি কে যে আমি
যাইব ফারোণার কাছে ও বাহির করিয়া আনিব
১২ যিশ্রায়েলের সন্তানেরদিগকে মিসর হইতে। তিনি
বলিলেন সত্যই আমি থাকিব তোমার সঙ্গে এই
হইবেক তোমার একটী চিহ্ন যে আমি পাঠাইতেছি

তোমাকে তুমি মিসর হইতে লোকেরদিগকে বাহির
করিলে পর ঈশ্বরের ভজনা করিবা এ পর্ব্বতে।
১২ তৎপরে মোশা বলিল ঈশ্বরকে দেখ যখন আমি
যাই যিশ্রায়েলের সন্তানেরদের কাছে ও বলি তাহার
দিগকে তোমারদের পিতৃরদের ঈশ্বর পাঠাইয়াছেন
আমাকে তোমারদের কাছে যদিত তাহারা বলে তাহার
১৩ নাম কি তবে আমি কি বলিব তাহারদিগকে। তখন
ঈশ্বর বলিলেন মোশাকে আমি যাহা হই তাহা হই।
তিনি পুনর্ব্বার বলিলেন এই মত বল যিশ্রায়েল
সন্তানেরদিগকে অহং-ভবামি পাঠাইয়াছেন আমাকে
১৪ তোমারদের কাছে। পুনর্ব্বার ঈশ্বর বলিলেন
এই মত বল যিশ্রায়েল সন্তানেরদিগকে যিহোবা
তোমারদের পিতৃরদের ঈশ্বর আবরহাম যিজহাক ও
যাকুবের ঈশ্বরই পাঠাইয়া দিয়াছেন আমাকে তোমার
দের কাছে এ আমার নাম সদাকাল এ আমার
১৫ স্মরণার্থে সমস্ত পুরুষানুক্রমে এক্ত্র কর যাইয়া
যিশ্রায়েলের প্রধান লোকেরদিগকে ও বলিও তাহার
দিগকে যিহোবা তোমারদের পিতৃর ঈশ্বর আবরহাম
যিজহাক ও যাকুবের ঈশ্বরই প্রকাশ হইলেন আমার
কাছে ও বলিলেন আমি নিতান্ত দেখিয়াছি তোমার
দিগকে ও দেখিতে পাইয়াছি যাহা হইল তোমারদের
১৬ ওর মিসরের মধ্যে আমি ও বলিয়াছি আমি
বাহিরে আনিব তোমারদিগকে মিসরের দুঃখ হইতে
আমোরীয়ের ও কনানীয়ের ও হিত্তীয় ও পরিষীয় ও হিব্বীয়
ও যিবূষীয়েরদের দেশে যে দেশ দুগ্ধ মধুতে পূর্ণিত

১৮ আজে। এবং তাহারা মানিবেক তোমার কথা
পরে তুমি আসিবা তুমি ও যিশ্রায়েলের প্রধানেরা
মিজরের রাজার কাছে তখন বল তাহাকে যিহুহা
ইব্রির ঈশ্বর দেখা দিয়াছেন আমারদিগকে এখন
আমরা মাইনা করি তোমাকে যাইতে দেহ আমার
দিগকে তিন দিবসের পথ অরণ্যে সে স্থানে আমরা
বলিদান করিব আমারদের ঈশ্বর যিহুহার কাছে।
১৯ ইহা আমি জানি মিজরের রাজা যাইতে দিবেক না
২০ তোমারদিগকে বটে পরাক্রান্ত হস্ত দিয়া নহে। পরে
আমার হাত বাড়াইয়া মারিব মিজর আমার সমস্ত
আশ্চর্য্য করিয়া যাহা আমি করিব তাহার মধ্যে
তৎপরে সে বিদায় করিয়া দিবেক তোমারদিগকে।
২১ আমি দিব কৃপা এই লোকেরদিগকে মিজরীয়দিগের
দৃষ্টে এবং যখন তোমরা প্রস্থান কর তখন রিক্ত
২২ হস্তে যাবা না কিন্তু প্রতি নারী ধন করিয়া
লইবেক তাহার প্রতিবাসী ও তাহারদিগ হইতে
যাহারা বসতি করে তাহারদের বাটীতে রূপার
অলঙ্কার এবং স্বর্ণ অলঙ্কার ও পরিচ্ছদ ও তোমরা
তা পরাইবা তোমারদের পুত্র কন্যাকে ও তোমরা
নষ্ট করিবা মিজরীয়দিগকে।

পর্ব্ব ৪ তখন মোশা প্রত্যুত্তর করিয়া বলিল দেখ তাহারা
৪ আস্থা করিবেক না আমাকে ও মানিবেক না
আমার কথা তাহারা বলিবেক যিহুহা প্রকাশ হন
২ নাহি তোমার কাছে। পরে যিহুহা বলিলেন ও
৩ কি তোমার হস্তে। সে বলিল আসাবাড়ি। তিনি

বলিলেন তাহা মৃত্তিকায় ফেলিয়া দেহ তাহাতে সে
তাহা মৃত্তিকায় ফেলিলে সর্প হইল তখন মোশা
৪ পলায়ন করিল তাহার সম্মুখ হইতে। পরে
য়িহুহা বলিলেন মোশাকে তোমার হস্ত বিস্তার
করিয়া ধর তাহার লাঙ্গুল অতএব সে তাহার হস্ত
বিস্তার করিয়া ধারণ করিল তাহা ও তাহা পুনর্ব্বার
৫ আসাবাতি হইল তাহার হস্তে ইহাতে তাহারা
আস্থা করিবেক যে য়িহুহা তাহারদের পিতার ঈশ্বর
আবরহাম ও য়িজক্বক ও য়াঁকুবের ঈশ্বরই প্রকাশ
হইয়াছেন তোমার কাছে।

৬ তারপর য়িহুহা পুনর্ব্বার বলিলেন তাহাকে
তোমার হস্ত দেহ তোমার বক্ষে সে তাহার বক্ষে হস্ত
দিল পরে হস্ত তুলিলে দেখ তাহার হস্তে পামর
৭ হইল বরফের ন্যায়। তিনি বলিলেন পুনর্ব্বার
তোমার হস্ত দে তোমার বক্ষে সে পুনর্ব্বার তাহার
বক্ষে হস্ত দিল এবং বক্ষ হইতে তুলিলে দেখ
৮ পুনর্ব্বার হইল তাহার অঙ্গের ন্যায়। এই মত
হইবেক যদি তাহারা আস্থা করিবেক না তোমাকে
ও মানিবেক না সে প্রথম চিহ্নের রব তবে তাহারা
৯ আস্থা করিবেক দ্বিতীয় চিহ্নের রব এই মত হইবেক
যদি তাহারা দুই চিহ্ন আস্থা না করিবেক ও
মানিবে না তোমার কথা তখন নদীর কিঞ্চিত জল
লইয়া ছড়াইয়া দিও শুষ্ক মৃত্তিকার ওপর এবং যে
জল লইবা নদী হইতে তাহা রক্ত হইবেক শুষ্ক
মৃত্তিকার ওপরে।

১০ তৎপরে মোশা বলিল য়িহুহাকে ওহে আমার
ভগবান আমি বাচক বক্তা নহি এ সময়ের
পূর্ব্বে নহে ও তুমি তোমার দাসের সহিত কথা
কহনের পরে ও নহে কিন্তু আমি হই ধীর বক্তা ও
১১ ধীর জুহ্বা। তারপরে য়িহুহা বলিলেন তাহাকে
কে নির্ম্মান করিয়াছে মনুষ্যের মুখ কি কে করে
গোঙ্গা কি বধির কি শুদর্শক কি অন্ধ আমি য়িহুহা
১২ তাহা করি নাই। অতএব এখন যাও আমি থাকিব
তোমার মুখেতে এবং শিখাইব তোমাকে যাহা
১৩ করিতে জুয়ায়। পরে মোশা বলিল আরে আমার
ভগবান আমি মাবিনা করি তোমাকে পাঠাইয়া দেহ
১৪ তাহাকে যাহাকে পাঠাইতে তোমার ইচ্ছা। তখন
য়িহুহার ক্রোধ প্রজ্বলিত হইল মোশার ওপর ও তিনি
বলিলেন লোঙ্গি আহারন তোমার ভাই নহে আমি
জানি সে কহিতে পারে ভাল দেখ সে ও আগে
আসিতেছে দেখা করিতে তোমার সাতে ও তোমাকে
১৫ দেখিলে অন্তঃকরনে আহ্লাদ হবেক। তুমি বল
তাহাকে এবং কথা দিও তাহার মুখে আমি
থাকিব তোমার ও তাহার মুখেতে এবং শিখাইব
১৬ তোমারদিগকে কি করিতে জুয়ায় সে হইবেক
তোমার বক্তা লোকেরদের কাছে সেই হইবেক
তোমার মুখের বদলি ও তুমি হইবা তাহার কাছে
১৭ ঈশ্বরের বদলি। তুমি হাতে করিয়া লও তোমার
আসা বাতী যাহা দিয়া করিবা সে চিহ্ন।

১৮ তৎপরে মোশা চলিল ও ফিরিয়া গেল তাহার

শ্বশুর যিত্রোর কাছে ও বলিল তাহাকে আমি
আর বিনা করি যাইতে দেই আমাকে আমার
ভ্রাতারদের কাছে যাহারা মিসরে তাহারদিগকে
দেখিতে তাহারা জীবত আছে কি না। তাহাতে যিত্রো
১৯ বলিল মোশাকে সকুশলে যাও। পরে যিহুহা
বলিলেন মোশাকে মদ্যন দেশে আইস ফিরিয়া
যাও মিসর দেশে সে সকল লোক মরিয়াছে
২০ যাহারা তোমার প্রান লইতে চাহিল। তখন মোশা
তাহার স্ত্রী ও পুত্র লইয়া গাধায় চড়াইল ও ফিরিয়া
গেল মিসরে এবং হাতে করিয়া লইল ঈশ্বরের
২১ আজ্ঞাবাক্যি। এবং যিহুহা বলিলেন মোশাকে
তুমি মিসরে ফিরিয়া গেলে পর সে সমস্ত আশ্চর্য্য
ক্রিয়া ফারোআর সাক্ষাতে যাহা আমি দিলাম তোমার
হস্তে কিন্তু আমি করিব তাহার অন্তঃকরণ কঠিন
২২ তাহাতে লোকেরদিগকে যাইতে দিবেক না। ফারো
তার ঠাঁই কহ এমত বলেন যিহুহা যিশরাল আমে
২৩ আমার পুত্র আমার প্রথম পুত্রই আমি বলি তোমাকে
আমার পুত্রকে যাইতে দেহ আমার সেবা করিতে
তুমি তাহাকে আটক করিলে দেখ আমি মারিয়া
ফেলাইব তোমার পুত্রকে যে তোমার প্রথম জন্মিত।
২৪ এবং এই মত হইল পথের সরায়ের মধ্যে যিহুহা
দেখা দিলেন এবং বধ করিতে উদ্যত হইলেন
২৫ তাহাকে। তখন সিপ্পরা পাথর লইয়া তাহার
পুত্রের লিঙ্গের চামড়া কাটিয়া ফেলাইল মোশার
পায় বলিয়া নিতান্ত তুমি আমার খুনি ভাতার।

২৬ তখন তিনি প্রস্থান করিলেন তাঁহার কাছ হইতে
এবং তৎক্ষেদের কারণ সে বলিল তাহাকে
খুনী ভর্ত্তা।

২৭ য়িহুহা বলিলেন আহারনকে অরণ্যে যাইয়া
দেখা করহ মোশার সহিত পরে সে যাইয়া দেখা
করিল তাহার সহিত ঈশ্বরের পর্ব্বতের নিকট ও
২৮ চুম্বন করিল তাহাকে। তখন মোশা কহিল
আহারনকে য়িহুহার সমস্ত কথা যিনি পাঠাইয়া
ছিলেন তাহাকে ও সমস্ত চিহ্ন দেখাইল যাহা তিনি
আজ্ঞা করিয়াছিলেন তাহাকে।

২৯ মোশা এবং আহারন যাইয়া একত্র করিল
য়িশরালের সমস্তই শন্তানের প্রাচীনেরদিগকে।
৩০ এবং আহারন কহিল সমস্ত কথা যাহা য়িহুহা
কহিয়া ছিলেন মোশাকে ও করিল সে চিহ্ন
৩১ লোকেরদের সাক্ষাতে। তাহাতে লোকেরা আস্থা
করিল ও যখন তাঁহারা শুনিল যে য়িহুহা দেখা দিয়া
ছিলেন য়িশরালের সন্তানদিগকে ও দৃষ্টি করিয়া
ছিলেন তাঁহারদের দুঃখে তখন তাঁহারা ভূতল
করিয়া ভজনা করিল।

পর্ব্ব ৫ তৎপরে মোশা এবং আহারন যাইয়া বলিল
ফারোতাকে এই মত কহেন য়িহুহা য়িশরালের
ঈশ্বর আমার লোকেরদিগকে যাইতে দেহ তাঁহারা
অরণ্যে যাইয়া পর্ব্ব করনের নিমিত্ত আমার
২ কারণ। তখন ফারোতা বলিল য়িহুহাকে যে

আমি তাহার কথা মানিয়া ইশ্রায়েলদিগকে
যাইতে দিব আমি যিহুহাকে জানি না আমি ও
৩ যাইতে দিব না ইশ্রায়েলদিগকে। পরে তাহারা
বলিল ইব্রিদের ঈশ্বর দেখা দিয়াছেন আমারদিগকে
আমরা মাইনা করি তোমাকে যাইতে দেহ আমার
দিগকে তিন দিনের পথ অরণ্যে বলিদান করনের
জন্য আমারদের ঈশ্বর যিহুহার কাছে পাছে তিনি
পড়িবেন আমারদের উপরে মড়ক কি তলোয়ারে।
৪ পরে মিজরীর রাজা বলিল তাহারদিগকে মোশা ও
আহারনেরে তোরা কেন লোকেরদিগের কার্য্যের
৫ ভঙ্গ কর তোরা যা আপনারদের কার্য্যে। ফারোও
ও বলিল এ দেশের অনেক লোক আছে তোরাও
জাড়াইয়া দিতেছিস তাহারদের কায হইতে।
৬ সেই দিন ফারোও আজ্ঞা করিল লোকের
৭ দিগের কর্ম্ম কর্ত্তা ও শাসন কর্ত্তাকে কহিয়া এ
লোকেরদিগকে পাটিয়াল বানাইবার জন্য মত
দিও না যে মত পূর্ব্বে এখন তাহারা যাইয়া কুটা
৮ তমা করুক আপনারদের কারন। ও পাটিয়ালের
বরাওদ্দ যেমত বানাইল পূর্ব্বে সেই বরাওদ্দ
করাহ তাহারদের উপরে তোমরা তাহা কমি
করিও না তাহারা আলিস্য অতএব কহিতেছে
আমারদের ঈশ্বরের কাছে বলিদান করনার্থে যাইতে
৯ দেহ আমারদিগকে সে লোকেরদিগকে অধিক
কায দেহ তাহারা মেহনত করনার্থে তাহাতে
১০ বেহুদা কথা বিশ্বাস করুক না তাহারা। পরে

সে লোকেরদের কর্ম্ম কর্ত্তা ও শাসন কর্ত্তা যাইয়া
বলিল তাহারদিগকে এমত বলিলেন ফারোও আমি
১১ দিব না কুটী তোমারদিগকে যা তোরা কুটী আনগা
যে স্থানে পাইতে পারিস ইহাতে তোরদের কায
১২ কিঞ্চিৎ কমি হবে না। তখন সে লোকেরা চড়াইয়া
পড়িল মিসর সমস্ত দেশেতে নাড়া কুড়াইতে
১৩ খড়ের বদলে। এবং শাসন কর্ত্তা তাগাদা করিল
তাহারদিগকে বলিয়া পূর্ণ কর তোমারদের কায
তোমারদের রোজানি কায যেমত করিলি কুটী
১৪ থাকিতে। তখন য়িশরালের সন্তানেরদের যাহাকে
ফারোওর পক্ষের কর্ম্ম কর্ত্তা নিযুক্ত করিল তাহার
দের ওপরে মারি যাইল ও জিজ্ঞাসিত হইল
কিমর্থে তোরদের পাটিয়ান বানাইবার বরাওদ্দ
পূর্ণ করিলি না পূর্ব্ব যত কল্য কি অদ্য।
১৫ তখন য়িশরালের সন্তানেরদের শাসন কর্ত্তা
আসিয়া নালিস করিল ফারোওর কাছে বলিয়া
১৬ কিমর্থে এমন কর তোমার দাসেরদিগকে। তোমার
দাসেরদিগকে কুটী দেওা হয় না এবং তাহারা বলে
আমারদিগকে ইট বানাও দেখ তোমার দাসেরা
মারি যাইয়াছে কিন্তু তকসির তোমার লোকেরদের।
১৭ কিন্তু সে বলিল তোরা অলিস্য তোরা আলিস্য অতএব
বলিতেছিস যাইতে দেহ আমারদিগকে বলিদান
১৮ করিতে য়িহুহার কাছে অতএব এখন কায কর
যাইয়া কুটী দেওা যাবেক না তোরদিগকে কিন্তু তোরা
১৯ ইট দিবি বরাওদ্দ মত। তখন য়িশরালের সন্তানের

দের শাসন কর্ত্তা তাহারদের রোজানি কাজের ইষ্ট
বরাওর্দ্দ কমি না হওনের কথা শুনিয়া ধাঁকর দেখিল।
২০ পরে তাহারা ফারোওার নিকট হইতে আইসন
কালে মোশা ও আহারনের দেখা পাইল যাহারা
২১ পন্থে ডাণ্ডাইতেছিল। ও তাহারা বলিল তাহার
দিগকে য়িহুহা তোমারদের ওপর দেখিয়া বিচার করুন
তোমরা দুর্নিং করাইয়াছ আমারদিগকে ফারোওা
ও তাহার লোকেরদের সন্মুখে যে যত তলোয়ার
দিয়াছ তাহারদের হাতে মারিয়া ফেলাইতে আমার
২২ দিগকে। এবং মোশা ফিরিয়া গেল য়িহুহার
কাছে ও বলিল ওহে ভগবান কিমর্থে এ মত তাড়না
দিয়াছ এ লোকেরদিগকে কি কারন পাঠাইয়াছ
২৩ আমাকে। যদবধি আমি আসিয়াছি ফারোওার কাছে
বলিতে তোমার নামে তদবধি সে তাড়না দিতেছে
এ লোকেরদিগকে তুমি ও তোমার লোকেরদের
কিছুই পরিত্রান না করিয়াছ।

পর্ব্ব ৬ তখন য়িহুহা বলিলেন মোশাকে এখন তুমি
দেখিবা আমি কি করিব ফারোওাকে সে শক্ত
হস্তে চাড়িয়া দিবে তাহারদিগকে এবং শক্ত
হস্তে খেদাইয়া দিবে তাহারদিগকে তাহার দেশ
২ হইতে। পুনর্ব্বার ঈশ্বর কহিয়া বলিলেন তাহাকে
৩ আমি য়িহুহা আমি সর্ব্ব শক্তি পুভু নামে
প্রকাশ হইলাম আব্রহামে ও য়িজহক্ক ও যাঁকুবের
ঠাঁই কিন্তু আমার য়িহুহা নামে জানাইলাম না তাহার

৪ দের কাছে। আমি ও আমার বন্দুবস্ত স্থির
করিলাম তাহারদের সহিত তাহারদিগকে দিতে
কনাঁয়ন দেশ তাহাই তাহারদের ভ্রমনের দেশ
৫ যাহার মধ্যে তাহারা ছিল প্রবাসী এখন আমি ও
শুনিয়াছি য়িশরালের সন্তানেরদের কাতর রব যাহার
দিগকে মিজরীরা দাসত্ব কার্য্যে রাখিয়াছে এবং
৬ আমার বন্দুবস্ত মনে পাইয়াছি অতএব বল যাইয়া
য়িশরালের সন্তানেরদিগকে আমি য়িহুহা আমি
অবশ্য ছাড়াইয়া দিব তোমারদিগকে মিজরীরদের
ভারের নিচ হইতে আমি ও পরিত্রান করিব তোমার
দিগকে তাহারদের দাসত্ব হইতে এবং হস্ত
বিস্তার করিয়া ও মহা বিচার করিয়া মুক্তা করিব
৭ তোমারদিগকে। আমি লইব তোমারদিগকে
আপনার লোকের কারন আমি হইব তোমারদের
ঈশ্বর ও তোমরা জানিবা যে আমিই য়িহুহা তোমার
দের ঈশ্বর যে ছাড়াইয়া আনিলাম তোমারদিগকে
৮ মিজরীরদের ভারের নিচে হইতে এবং আমি আনিব
তোমারদিগকে সে দেশে যাহার বিষয় কিরা
করিলাম দিতে আবরহাম ও য়িচহক ও য়াঁকুবকে
আমি ও তাহা দিব তোমারদিগকে অধিকারের
কারন আমি য়িহুহা।

৯ তৎপরে মোশা এই মত কহিল য়িশরালের
সন্তানেরদিগকে কিন্তু তাহারা শুনিল না মোশার কথা
১০ প্রানের যাতনা ও দুরন্ত দাসত্বের কারন। পুনর্ব্বার
১১ য়িহুহা কহিলেন এ কথা মোশাকে তুমি যাইয়া

মিসরের রাজা ফারোওকে বল যিশরায়েলের
সন্তানেরদিগকে ছাড়িয়া দিতে তাহার দেশ হইতে।
১২ তখন মোশা এ কথা কহিল যিহোবার সাক্ষাতে দেখ
যিশরায়েলের সন্তানেরা শুনিল না আমাকে তবে কি
মতে ফারোও শুনিবে আমার কথা আমি হই অশুচি
১৩ ওষ্ঠাধর গ্রস্ত। তখন যিহোবা কহিয়া আজ্ঞা দিলেন
মোশা ও আহারনকে যিশরায়েলের সন্তান ও মিসরের
রাজাকে কহিতে মিসর হইতে বাহির করিয়া
আনিতে যিশরায়েলের সন্তানেরদিগকে।

১৪ এ সকল তাহারদের পিতারদের বাটীর অধ্যক্ষ।
যিশরায়েলের প্রথম পুত্র রাউবনের পুত্র হনোখ
ও পালুয়া হিজরোণ ও কর্ম্মী এ সকল রাউবনের
১৫ পরিজন। এ শিমওোনের পুত্রগণ যিমুএল ও
যিমন ও আহদ যিখিন ও সহর ও শাউল এক
কনাঁয়নীর পুত্র। এ সকল শিমওোনের পরিজন।
১৬ এই লোইর পুত্রগণের নাম তাহারদের বংশানু
যায়ি গর্শোন ও কহাত ও মরারি ও লোইর পরমায়ু
১৭ একশত সাঁইত্রিশ বৎসর। এ গর্শোনের পুত্র
গণ লবনী শিমঈী তাহারদের পরিজনানুযায়ি।
১৮ কহাতের পুত্রগণ অম্রম ও যিজহর ও হিবরোণ
ও উজীএল। কহাতের পরমায়ু একশত তেত্রিশ
১৯ বৎসর। এ মরারির পুত্রগণ মহলি ও মোশি এ
২০ লোইর পরিজন তাহারদের বংশানুযায়ি। অম্রম
বিবাহ করিল যিওবদ তাহার পিসীকে ও সে পুত্রব